সপ্তাহের ব্যবধানে সব্জীর দাম বেড়েছে কেজিতে ১৫ টাকা

এক সপ্তাহের ব্যবধানে সব্জী ভান্ডারখ্যাত মেহেরপুরের বাজারে দাম বেড়েছে সব ধরনের সব্জীর। পাইকারি বাজার দর কেজি প্রতি সব্জীতে দাম বেড়েছে প্রায় ১০ টাকা থেকে ১৫ টাকা পর্যন্ত। আর ভোক্তা পর্যায়ে বেড়েছে ১৫ থেকে ২০ টাকা পর্যন্ত।

তবে, মাত্র ১ দিনের ব্যবধানে কাঁচা মরিচের দাম বেড়েছে কেজি প্রতি ১৫ থেকে ১৭ টাকা। মেহেরপুরের সব্জীর বড় পাইকারি মোকাম মেহেরপুর ও গাংনীর সব্জীর বাজার ও গাংনী খুচরা বাজারে ঘুরে এ তথ্য জানা গেছে।

মেহেরপুর সব্জীর বাজারে চাষী পর্যায় থেকে সরবরাহ স্বাভাবিক থাকলেও এক সপ্তাহের ব্যবধানে মঙ্গলবার জেলার খুচরা বাজারগুলোতে বিভিন্ন ধরনের সবজির দাম বেড়েছে অস্বাভাবিকভাবে। ফলে নাভিশ্বাস বেড়েছে সাধারণ ক্রেতাদের।

মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) সকালে মেহেরপুর কৃষক ও আড়তদারদের সঙ্গে কথা বলে জানা যায়, পাইকারি পর্যায়ে সবচেয়ে বেশি দাম বেড়েছে কাঁচা মরিচ, শসা, বেগুন, করলা ও পটোলের।

গতকাল মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) সকালে মেহেরপুর কাঁচা মালের আড়ৎ ঘুরে দেখা গেছে, করলা কেজি প্রতি ৪০ থেকে ৪৫ টাকা, ঝিঙা ৩০ থেকে ৩৫ টাকা, লাউ পিচ প্রতি ২০ থেকে ২৫ টাকা, পটোল ২৫ থেকে ৩০ টাকা, পেঁপে ১০ থেকে ১৫ টাকা, কলা ২৫ থেকে ৩০ টাকা, লাল শাঁক ২০ থেকে ২৫ টাকা, পুঁই শাক ১৫ থেকে ১৭ টাকা, বেগুন ৩৫ থেকে ৪০ টাকা, ফুল কপি ২৫ থেকে ৩০ টাকা, বাঁধা কপি ২৫ থেকে ৩০ টাকা, মুলা ২৫ থেকে ৩০ টাকা, বরবটি ২৫ থেকে ৩০ টাকা, কচুমুখি ৩৫ টাকা ও কাঁকরোল ২৫ টাকা কেজি দরে বিক্রি হয়েছে।

এক সপ্তাহ আগে প্রতি কেজি করলা ৩০ টাকা, শসা ২০ টাকা, বেগুন ৩০, পটোল ২০, কাঁচা মরিচ ২০ টাকায় বিক্রি হয়েছিল।
বেশি দামে কাঁচা মরিচ বিক্রি করতে পেরে খুশি সদর উপজেলার সুবিদপুর গ্রামের শাহানুর রহমান। তিনি জানিয়েছেন গতকাল ১৫ কেজি মরিচ বিক্রি করেছি ৩৫ টাকা কেজি দরে। আজকে বিক্রি করলাম ৫২ টাকা কেজি দরে।

রায়পুরে গ্রামের কৃষক সমসের আলী বলেন, ‘এক সপ্তাহ আগে খেত থেকে শসা তুলে বিক্রি করেছি ৩০ টেকা কেজি, আজ বিক্রি করলাম ৪০ টেকা কেজি।

সিরাজগঞ্জের আড়ত ব্যবসায়ী শহিদুল ইসলাম বলেন, আমি প্রতিদিন মেহেরপুর কাঁচা মালের আড়ত থেকে বিভিন্ন সব্জী কিনে আমার এলাকায় ট্রাক ভর্তি করে পাঠাচ্ছি। আমার এলাকার তুলনায় এখান থেকে সব্জী কম দামে পেয়ে থাকি। তাই এখান থেকে সব্জী কিনে আমি ঢাকা কারওয়ান বাজার ও চিটাগাঙে পাঠিয়ে থাকি। গত সপ্তাহের তুলনায় এ সপ্তাহে বিভিন্ন সব্জী ১০ থেকে ১৫ টাকা কেজিতে বেড়েছে।

একই কথা জানালেন ঢাকার কারওয়ান বাজারের আড়ত ব্যবসায়ী আমিরুল ইসলাম ও নজরুল ইসলাম।
তারা বলেন, মেহেরপুরের সব্জীর মান ভাল। তাই এখানকার সব্জী আমাদের এলাকার মানুষের কাছে চাহিদাও রয়েছে। নজরুল আরো বলেন, দেশের অন্যান্য জেলাতে সব্জী সেই ভাবে উৎপাদন হয়নি এবছর। তাই ঢাকার আড়তদাররাও এখন মেহেরপুর জেলা থেকে সব্জী কিনে নিয়ে যাচ্ছেন।

মেহেরপুর কাঁচা বাজারের আড়ত ব্যবসায়ী আরাফাত ভান্ডারের স্বত্ত্বাধিকারী আবু ইমাম বলেন, বাইরের ব্যবসায়ীদের চাপের কারণে মেহেরপুরে সব্জীর দাম বেড়েছে। বন্যাসহ নানা কারণে, অন্য জেলায় এবছর সব্জীর আবাদ কম হয়েছে। তিনি বলেন, মেহেরপুর এবং যশোর বাংলাদেশের সবচেয়ে বেশি সব্জী চাষ হয়। এছাড়া অন্যান্য জেলাতে সব্জী নষ্ট হওয়ার কারণে মেহেরপুরের সব্জীর উপর চাপ বেশী হচ্ছে।

বাদশা বাণিজ্যলায়ের স্বত্ত্বাধিকারী মিজানুর রহমান বলেন, জেলার সব্জী জেলার মানুষের জন্য বিক্রি করা গেলে দাম হাতের নাগালে থাকতো। বাইরে চলে যাওয়ায় বিভিন্ন সব্জীর দাম বেড়েছে।

এদিকে পাইকারি আড়তের সঙ্গে পাল্লা দিয়ে একবার হাতবদলের পর সবজির দাম বেড়েছে খুচরা বাজারেও।

মঙ্গলবার গাংনী বাজারে গিয়ে দেখা গেছে, সব ধরনের সবজির দাম কেজিতে গড়ে ২০ টাকা বেড়েছে। গাংনী খুচরা বাজারে মঙ্গলবার প্রতি কেজি কাঁচা মরিচ ৮০ টাকা, বেগুন ৬০, পটল ৪০, করলা ৬০, ঢ্যাঁড়স ২৫, চিচিঙ্গা ৩০, পেঁপে ২৫ থেকে ৩০ টাকা, মুলা ৩৫, কাঁকরোল ৪৫, লাউ ২৫ টাকা, শসা ২৫ টাকা, কচুমুখি ৬০, শসা ৩৫, মিষ্টিকুমড়া ৩৫, এবং চাল কুমড়া প্রতি পিচ ৩০ টাকা, পেয়াজ ৪০ টাকা কেজি, আলু ৩৫

টাকা কেজি দরে বিক্রি হয়েছে।

বাজারে এক সপ্তাহের ব্যবধানে দাম বেড়েছে সব ধরনের শাকেরও। এক সপ্তাহ আগে ৩০ টাকা কেজি দরের লালশাক একলাফে ৩ আটি (আধা কেজি) ২৫ টাকা, সেমতে কেজি প্রতি ৫০ টাকা, ২০ টাকা কেজি দরের লাউশাক ও কলমি শাক ৩৫ টাকা, ২০ টাকা কেজি দরের পুঁইশাক ৩০ টাকা দরে বিক্রি হয়েছে।

গাংনী বাজারের ক্রেতা আরজ আলী, এসএম সেলিম বলেন, গত সপ্তাহেও সব্জীর দাম কিছুটা সহনশীল ছিল। আজকে মনে হচ্ছে সব্জীর বাজার আগুন। সব সব্জীর দাম বেড়েছে কেজিতে ১০ থেকে ১৫ টাকা।

গাংনী বাজারের আরেক ক্রেতা সুফিয়া আক্তার ও সামসুন্নাহার বলেন, বাজারে পর্যাপ্ত পরিমাণে সব্জী থাকলেও দাম নাগালের বাইরে। যে টাকা নিয়ে বাজারে এসেছিলাম, সেই টাকায় কিছুই হয়নি। তাই সব্জী বাজার অল্প অল্প করতে হয়েছে।

মেহেরপুর তহবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আবু হানিফ বলেন, মেহেরপুরে কাঁচামালের কোনো ঘাটতি নেই। জেলায় পর্যাপ্ত পরিমান কাঁচা মালের উৎপাদন হয়েছে। বন্যার কারণে, দেশের অন্যান্য জেলাতে পর্যাপ্ত সব্জী বা কাঁচা মালা উৎপাদন হয়নি এবার। ঢাকা, চিটাগাং, সিলেটসহ দেশের বিভিন্ন স্থানের আড়ত ব্যবসায়ীরা আগের দিন মেহেরপুরে এসে বিভিন্ন হোটেলে থাকছেন। সকালে চাষীরা কাঁচামাল নিয়ে আসার সাথে সাথে তারা উচ্চমূল্যে মাল কিনে নিয়ে চলে যাচ্ছেন। এজন্য মেহেরপুরের কাঁচা মাল মেহেরপুরের মানুষ পাচ্ছেনা।

কোটচাঁদপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালিত

শুভ শুভ শুভদিন, শেখ হাসিনার জন্মদিন। এ শ্লোগানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালন করেছেন কোটচাঁদপুর উপজেলা

প্রশাসন।

দিনটি পালনে কেক কাটা,আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করেন প্রশাসন। বুধবার দুপুরে উপজেলার অডিটোরিয়ামে এর আয়োজন করা হয়।

এতে সভাপতিত্ব করেন,উপজেলার নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ - ৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি,সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায়।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী, প্রকৌশলী রুহুল ইসলাম, মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার, মহিলা বিষয়ক শিলা বেগম, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা চম্পা অধিকারি।

পরে জন্মদিনের কেক কাটা হয়। কেক কাটেন অনুষ্ঠানের প্রধান অতিথি ও সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। এ সময় উপস্থিতিদের মুখে উচ্চারিত হয় ওই শ্লোগান। শুভ শুভ শুভদিন, শেখ হাসিনার জন্মদিন। পরে স্থানীয়দের মধ্যে জন্মদিনের কেক বিতরন করা হয়।

ঝিনাইদহে শুরু হলো দুইদিন ব্যাপী তথ্য অধিকার মেলা

‘তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ২ দিন ব্যাপী তথ্য অধিকার মেলা শুরু হয়েছে।

জেলা প্রশাসন ও সনাকের আয়োজনে বুধবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে জাতীয় পতাকা উত্তোলন ও বেলুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা।

উদ্বোধন শেষে সেখান থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সচেতন নাগরিক কমিটির (সনাক) সভাপতি সায়েদুল আলমের সভাপতিত্বে বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, জেলা তথ্য কর্মকর্তা আবু বকর সিদ্দিক, সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল লতিফ সেখ, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জাহাঙ্গীর আলম, সনাকের সহ-সভাপতি জ্যেষ্ঠ সাংবাদিক এম সাইফুল মাবুদ ও সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল।

আলোচনা সভায় বক্তারা, তথ্যের অবাধ প্রবাহের নিশ্চিত করতে তথ্য অধিকার আইন পুরোপুরি বাস্তবায়ন করার আহবান জানান। আলোচনা সভা শেষে বিভিন্ন স্টল পরিদর্শণ করা হয়। ২ দিন ব্যাপী এ তথ্য মেলায় সরকারি ও বেসরকারি ২৯ টি দপ্তর স্টল দিয়েছে।

কোটচাঁদপুরে তথ্য দিবস পালিত

তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক, এ প্রতিপাদ্যে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত হয়েছে।

বুধবার কোটচাঁদপুর উপজেলা অডিটোরিয়ামে দিবসটি পালনে আলোচনা সভা করা হয়।

সভাপতিত্বে করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলার চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, ডাঃ তানভির জামান,দোড়ার ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল, সাবদারপুরের আব্দুল মান্নান।

এ সময় বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী, সাংবাদিক নজরুল ইসলাম, এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী রুহুল ইসলাম, মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার, মহিলা বিষয়ক শিলা বেগম,

পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা চম্পা অধিকারি।

কোটচাঁদপুরে সহকারী শিক্ষা

কর্মকর্তার বিরুদ্ধে সহকারী

শিক্ষকের অভিযোগ

কোটচাঁদপুরের আব্দুর রাজ্জাক খান প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক,সহকারী শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে লিখিত অভিযোগ করেছেন উপজেলা শিক্ষা অফিসে। অভিযোগ পেয়েছি,তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে জানালেন শিক্ষা কর্মকর্তা অসিত বরণ পাল।

কোটচাঁদপুর উপজেলার আব্দুর রাজ্জাক খান বিদ্যালয়ের ভুক্তভোগী সহকারি শিক্ষক রেশমা খাতুন বলেন,গেল ১৫ সেপ্টেম্বর সহকারী শিক্ষা কর্মকর্তা বলরাম সাহা বিদ্যালয় পরিদর্শনে যান। প্রশ্ন তোলেন ছেলের প্রসাব করা ও ওই বিদ্যালয়ের সহাকারী শিক্ষক নন্দিতা রানীকে নিয়ে বিদ্যালয়ে ঘটে যাওয়া ঘটনার। তিনি ওই সব ঘটনা নিয়ে প্রধান শিক্ষক সহ আমার উপর রাগান্বিত হয়। এরমধ্যে আমি কথা বলায়,তিনি আমার চরিত্র নিয়ে কথা তোলেন। করেন কুরুচিপূর্ণ ও অশালীন মন্তব্য। ওই ঘটনা নিয়ে ১৮ সেপ্টেম্বর উপজেলা শিক্ষা কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করা হয়েছে।

তিনি আরো বলেন,২০১৮ সাল থেকে নন্দিতা রানী এ বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে আছেন। তিনি উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা বলরাম সাহার স্ত্রী।

এ বিদ্যালয়ে যোগদানের পর থেকে তিনি তাঁর বাচ্চাকে নিয়ে বিদ্যালয়ে আসেন। এতে করে বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের লেখা-পড়ায় বিঘ্ন ঘটে। এ সব নিয়ে কথা বললে তিনি বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে খারাপ ব্যবহার করেন।

এ ব্যাপারে গেল ২০-০৩-২২ তারিখে উপজেলা শিক্ষা কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করা হয়। এর আগেও ওই শিক্ষিকার বিরুদ্ধে উপজেলা

নির্বাহী কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তা বরাবর বেশ কয়েকটি অভিযোগও করেছেন বিদ্যালয়ের অভিভাবক,প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকরা। তবে তাতে কোন লাভ হয়নি। এতে করে তিনি আরো বেপরোয়া হয়ে উঠেছেন।

এ সব অভিযোগ প্রসঙ্গে উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা বলরাম সাহা বলেন,ওই সব ঘটনা যে, সময় ঘটেছে। আমি তখন অন্য ক্লাস্টারে ছিলাম। আমি কিছু জানিনা। ওই সময় যে অফিসার ছিলেন,তাঁর কাছে বিষয়টি শুনবেন।

তিনি প্রতিবেদকের কাছে রেশমা খাতুনের বিরুদ্ধে উল্টো অভিযোগ করে বলেন,রেশমা খাতুন পাঠ দানের সময় মোবাইল ব্যবহার করেন। সেটা ওনি করতে পারেন কিনা। এছাড়া তিনি ক্লাস রুমে চেয়ারের উপর পা তুলে দিয়ে ফেসবুক চালান।

উদ্ধোতন কর্মকর্তা যাবার পর কোন সম্মান না দেখিয়ে, বরং ওনার সঙ্গে খারাপ আচারন করেন। তিনি ক্লাস না নিয়ে ক্লাসের বড় বাচ্চাদের দিয়ে ক্লাস করান। কর্মস্থলে থেকে কাজ করার কথা থাকলেও তিনি ঝিনাইদহ থেকে প্রতিদিন দেরি করে বিদ্যালয়ে আসেন। যার প্রমানপত্র আমাদের কাছে সব আছে। আর ওনি যে অভিযোগ করেছেন তা ঠিক না। ওনার অনিয়ম ঢাকতে, তিনি এ সব বলছেন।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা অসিত বরণ পাল জানান, এ সংক্রান্ত একটা অভিযোগ পেয়েছি। তদন্ত করে এর ব্যবস্থা নেওয়া হবে।

বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ বলেন,ওই শিক্ষক উপরের কর্মকর্তাদের কাছে অভিযোগ করেছেন। তাঁর অনুলিপি দিয়েছেন আমাকে। ঘটনাটি ওনারা দেখবেন।

গাংনীতে মাদক ও ডাকাতির মামলায়

৪ আসামি গ্রেফতার

গত ১২ ঘন্টার অভিযানে ৪ ডট মাদকসহ ডাকাতি মামলার ১ আসামিসহ নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৪ আসামীকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

৪ টি মাদক ও ডাকাতি মামলাসহ ৫ টি মামলার আসামি গাংনী উপজেলার কল্ল্যাণপুর গ্রামের সামসুদ্দিনের ছেলে শরিফুল ইসলামকে গ্রেফতার করা হয়েছে।

শরিফুল ইসলাম এলাকার একজন শীর্ষ মাদক ব্যবসায়ী। তার নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পুলিশের দায়ের করা ৪ টি মামলা রয়েছে।

তার নামে দায়ের হওয়া মামলাগুলোর মধ্যে রয়েছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের হওয়া মামলা নং ৯, তারিখ ১৬/১০/১৮, ডাকাতি মামলার সন্দেহভাজন আসামি যার মামলা নং ১/১৪৯, তারিখ ০১/০৭/২০২২ ইং, ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) এর ৩(খ)/১৯(৪) ধারায় দায়ের করা মামলা নং ২১, তারিখ ২৭/১০/২০২২, একই আইনে দায়ের হওয়া মামলা নং ৯, তারিখ ১৬/১০/২০১৮।

গ্রেফতারকৃত অপর আসামিরা হলেন, মারিমারির অভিযোগে প্রতিপক্ষের দায়ের করা গাংনী থানার মামলা নং ১৮, তারিখ ১৮/০৯/২২ আসামি বাদিয়াপাড়া গ্রামের মৃতু হারেজ আলীর ছেলে আলাদিম হোসেন, অপর একটি মারামারির অভিযোগে দায়ের করা মামলার আসামি একই উপজেলার বাঁশবাড়িয়া গ্রামের মৃতু আব্দুস সাত্তারের ছেলে হাসান মিয়া (৫৫) ও শহিদুল ইসলামের ছেলে টুটুল হোসেন।

মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) দিবাগত রাতভর আজ বুধবার (২৮ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম রাতের বিভিন্ন সময়ে গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার (২৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

৩০ নভেম্বরের মধ্যে এসএসসির নির্বাচনি পরীক্ষার ফল

আগামী ২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষা গ্রহণ করে চলতি বছরের ৩০ নভেম্বরের মধ্যে ফল প্রকাশের নির্দেশ দিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড।

বুধবার কমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. আবুল বাশারের সই করা অফিস আদেশ থেকে এ তথ্য জানা যায়।

এতে বলা হয়, ২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষা নিয়ে আগামী ৩০ নভেম্বরের মধ্যে ফল প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

এর আগে গত ১২ এপ্রিল সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী দীপু মনি জানান, ২০২৩ সালের এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষা এপ্রিল ও এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষা জুন মাসে অনুষ্ঠিত হবে।

সাধারণত প্রতি বছর ফেব্রুয়ারিতে এসএসসি এবং এপ্রিলে এইচএসসি পরীক্ষা শুরু হয়। কিন্তু করোনার সংক্রমণের কারণে পুরো শিক্ষাপঞ্জি এলোমেলোভাবে চলছে। সেই ধারাবাহিকতায় গত ১৫ সেপ্টেম্বর শুরু হয় চলতি বছরের এসএসসি পরীক্ষা আর এইচএসসি পরীক্ষা আগামী নভেম্বরে শুরুর কথা রয়েছে।

মেহেরপুরে ৬টি সোনার বারসহ ২

জনকে আটক

ভারতে পাচারকালে ৪৭ লাখ টাকা মূল্যের ৬টি সোনার বারসহ ২ পাচারকারীকে আটক করেছে মেহেরপুর পুলিশ।
বুধবার ভোর পৌণে ৬ টার দিকে মেহেরপুর শহরের বড়বাজার এলাকার শিব মন্দিরের সামনে সদর থানা পুলিশের একটি টিম এ অভিযান পরিচালনা করেন।

আটকরা হলেন, নারায়নগঞ্জের বন্দর এলাকার মৃত আব্দুল মান্নানের ছেলে মাসুদ রানা (২৪) ও ঢাকার ১৮ নয়াতলা-মগবাজার এলাকার শেখ আশরাফুল কবীরের স্ত্রী কানিজ ফাতেমা (৪০)। উদ্ধারকৃত সোনার বারের মূল্য ৪৬ লক্ষ ৮০ হাজার টাকা বলে জানান পুলিশ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম জানান, আটকরা ঢাকা থেকে বাসে করে এসে নেমে মেহেরপুর শহর হয়ে কাথুলী বাসস্ট্যান্ডের উদ্দ্যেশে রওনা দেয়। শহরের বড় বাজার এলাকার শিব মন্দিরের সামনে সদর থানার টহল পুলিশের উপপরিদর্শক (এসআই) ফরিদ ও এএসআই মিঠুনের সামনে পড়লে তাদের দেখে সন্দেহ হয়।

পরে তাদের শরীর তল্লাশী করলে থেকে কালো কসটেপ মোড়ানো ৬টি সোনার বার উদ্ধার হয়। তাদের প্রাথমিক জিজ্ঞাসাবাদ করা হয়েছে। তারা মেহেরপুর সীমান্তের একজন ইউপি সদস্যের মাধ্যমে ভারতে পাচারের উদ্দ্যেশ্যে যাচ্ছিল বলে প্রাথমিকভাবে জানিয়েছেন তারা। তবে তদন্তের স্বার্থে ওই ইউপি সদস্য নাম বলা যাচ্ছে না।

তিনি আরো বলেন, এ ঘটনায় সদর থানায় একটি মামলা দিয়ে আদালতে পাঠানোর প্রস্তুতি চলছে।

মেহেরপুরের সাবেক উপজেলা

চেয়ারম্যান পালু আর নেই

মেহেরপুর সদর উপজেলার প্রথম চেয়ারম্যান ও জেলা জাতীয় পার্টির সাবেক সভাপতি খন্দকার আমিরুল ইসলাম পালু (৭৯) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ বুধবার ভোর ৫টার দিকে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

তিনি ডায়োবেটিস, কিডনিসহ ক্রনিক সিওপিডিতে ভুগছিলেন। শহরের তাঁতীপাড়ার নিজ বাসভবনে অসুস্থ অবস্থায় দিন যাপন করছিলেন। কয়েকদিন আগে বেশি অসুস্থ হয়ে পড়লে ঢাকার বারডেম হাসপাতালে ভর্তি করা হয়েছিলো।

খন্দকার আমিরুল ইসলাম পালু মেহেরপুর পৌরসভার ২ বার কমিশনার নির্বাচিত হয়েছিলেন। পরে তিনি পৌরসভার চেয়ারম্যানও নির্বাচিত হন। ১৯৮৫ থেকে ১৯৯০ পর্যন্ত তিনি সদর উপজেলার চেয়ারম্যান ছিলেন।

খন্দকার আমিরুল ইসলাম পালুর ভাতিজা রাজন খন্দকার জানান, আজ বুধবার বাদ আসর জানাযা শেষে শেখপাড়া পৌর কবরস্থানে দাফন করা হবে।

দামুড়হুদায় লোকমোর্চার দ্বি-মাসিক সমন্বয় সভা

দামুড়হুদায় লোকমোর্চার দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪ টার দিকে দামুড়হুদা আব্দুল ওয়াদুদ শাহ্ ডিগ্রী কলেজের সভাকক্ষে।

দ্বি-মাসিক সমন্বয় সভায় দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সভাপতি অধ্যক্ষ কামাল উদ্দিনের সভাপতিত্বে: অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সহ সভাপতি কামরুন নাহার,সহ সম্পাদক হানিফ মন্ডল, দপ্তর সম্পাদক ইউনুছ আলী।

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক হযরত আলীর সঞ্চালনায়, আরো উপস্থিত ছিলেন, হেলাল উদ্দিন,টিপু সুলতান, বাবুল হোসেন,মজিবার রহমান, হাসিবুর রহমান, ইউনুস আলী, হাবিবুর রহমান, মিরাজুল ইসলামসহ উপজেলা লোকমোর্চার সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন, ওয়েব ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।